### ৩০ শে এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪ ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিমোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

#### সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
٥.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
<b>২</b> .	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
೨.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
8.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
Œ.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

#### MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

২০২৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে নির্মাণের জন্য নির্ধারিত বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল মেট্রোরেল লাইন ও ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুট এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন এবং ৭টি উড়াল ও ২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুট সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজ মাননীয় প্রধানমন্ত্রী গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সুধী সমাবেশে শুভ উদ্বোধন করেছেন। MRT Line-1 এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ শে এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত পিতলগঞ্জ ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর বাস্তবায়ন অগ্রগতি ৩৭%। অবশিষ্ট ১১টি প্যাকেজের দরপত্র আহ্বান কার্যক্রম বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন আছে। পিতলগঞ্জ ডিপোর ভূমির অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। ডিপো এক্সেস করিডোর, মেইন লাইন ও স্টেশনসমূহের ভূমি অধিগ্রহণ ও বিভাগীয় ভূমি হস্তান্তর কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। বিমানবন্দর রুটেই বাংলাদেশের প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হচ্ছে।